



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :


বিষয় : নবম/দশম শ্রেণীতে পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয় শাখা -১২ (মাধ্যমিক-৩) ১৩-১১-২০১৩ তারিখ নথি নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৫৩৭ পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলার যশোর সদর উপজেলাধীন কালেক্টরেট স্কুল এর নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে আগামী মঞ্জুরী কমিটির অনুমতি সাপেক্ষে ০১-০১-২০১৪ খ্রি. তারিখ হতে নবম এবং ০১-০১-২০১৫ খ্রি. তারিখ হতে দশম শ্রেণীতে ০২ (দুই) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

- ১। আবশ্যিক বিষয়সমূহ :  
(ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান/সমাজ বিজ্ঞান
- ২। নৈর্ব্যক্তিক বিষয়সমূহ :  
যে কোন ৩টি। পাঠ্যক্রম অনুযায়ী :  
শর্তসমূহ :
  - ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে
  - ২। নবম/দশম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০৩ (তিন) বছরের জন্য অর্থাৎ আগামী ০১-১২-২০১৫ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
  - ৩। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে
  - ৪। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
  - ৫। আগামীতে পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
  - ৬। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
  - ৭। বোর্ডের পূর্বনুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
  - ৮। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
  - ৯। লাইব্রেরীতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত বাংলা ও ইংরেজি অভিধানসমূহ সংগ্রহ করতে হবে
  - ১০। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে

প্রধান শিক্ষক  
যশোর কালেক্টরেট স্কুল  
ডাকঘর : যশোর, উপজেলা : যশোর সদর, জেলা : যশোর


  
(ড. মোঃ আহসান হাবীব)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোন : ০৪২১- ৬৮৬৩৪

স্মারক নং-বিঅ-৬/ ৭৫৬/৭

তারিখ : ১৬/৬/১৫

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। সংরক্ষণ নথি

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোন : ০৪২১-৬৮৬৩৪